কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
মুকশেদপুর, কিশোরগঞ্জ
টেলিফোনঃ অফিস ঃ ০৯৪১-৬২৯৩৭,৬২০২৫ ওয়েবসাইট-www.pbs.kishoregonj.gov.bd ই-মেইল ঃ kishpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৮৪৯.৫৩৪.০৭.০২২.২৪.৯০৬৭ তাং-০৫/১১/২০২৪ খ্রীঃ

"দরপত্র বিজ্ঞপ্তি"

০১. কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির তালিকাভূক্ত স্থায়ী পূর্বযোগ্যতা সম্পন্ন মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান এর নিকট হইতে পবিস নির্দেশিকা (১০০-৪১) এর আওতায় সমিতির নিজস্ব অর্থায়নে হাওড় এলাকায় (ইটনা/মিঠামইন/অষ্টগ্রাম/করিমগঞ্জ/নিকলী) নতুন লাইন নির্মাণ ও রক্ষনাবেক্ষন কাজের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে সীলমোহর কৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র দলিল নিম্নের ছক মোতাবেক বিড প্যাকেজ ওয়ারী বিক্রয় হইবে।

০২. দর পত্রের বিবরণ ঃ সমিতির নিজস্ব অর্থায়নে (১০০-৪১) নতুন লাইন নির্মাণ ও রক্ষনাবেক্ষন কাজ।

ক্রমিক নং	দরপত্র দলিলের (প্যাকেজ) নম্বর	কাজের বিবরণ	প্রকল্প খাত	প্রাক্কলিত মূল্য (টাকা)	আর্নেষ্টমানির পরিমান (টাকা)	কার্য্য সময়	বিড প্যাকেজের মূল্য (অফেরৎ যোগ্য)
০১	০২/২৪-২৫/কিপবিস-৩৩	লাইন নির্মাণ ও রক্ষনাবেক্ষন	সমিতির নিজস্ব অর্থায়নে	৫,০০,০০০.০০	১৫,০০০.০০	২মাস	১০০০.০০
০২	০২/২৪-২৫/কিপবিস-৩৪	লাইন নির্মাণ ও রক্ষনাবেক্ষন	সমিতির নিজস্ব অর্থায়নে	৫,০০,০০০.০০	১৫,০০০.০০	২মাস	১০০০.০০
০৩	০২/২৪-২৫/কিপবিস-৩৫	লাইন নির্মাণ ও রক্ষনাবেক্ষন	সমিতির নিজস্ব অর্থায়নে	৫,০০,০০০.০০	১৫,০০০.০০	২মাস	১০০০.০০
০৪	০২/২৪-২৫/কিপবিস-৩৬	লাইন নির্মাণ ও রক্ষনাবেক্ষন	সমিতির নিজস্ব অর্থায়নে	৫,০০,০০০.০০	১৫,০০০.০০	২মাস	১০০০.০০

০৩. দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠান একটি বিড প্যাকেজের আওতায় যে কয়েকটি দরপত্র দাখিল করিতে চাইবেন সংশ্লিষ্ট দরপত্র নম্বর উল্লেখ পূর্বক দাখিল করিতে পারিবেন। প্রতিটি দরপত্রের জন্য পৃথক পৃথক আর্নেষ্টমানির রেট কোটিং সীটে সংযুক্ত করিবেন এবং যথাযথভাবে পূরণ করিবেন। দরপত্র দলিল অত্র সমিতির ক্যাশ শাখা হইতে আগামী ১২/১১/২০২৪ খ্রীঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে বিড প্যাকেজের মূল্য বাবদ প্রতিটি ১০০০/= (এক হাজার) টাকা নগদ (অফেরৎ যোগ্য) প্রদান সাপেক্ষে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির প্রধান কার্যালয়ের ক্যাশ শাখা হইতে সিডিউল সংগ্রহ করা যাইবে।

০৪. প্রতিটি দরপত্র দাখিলের সময় দলিলের সহিত উদ্ধৃত মূল্যে ৩% হারে আর্নেস্টমানি কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, এর অনুকূলে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার আকারে জমা দিতে হইবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেস্টমানি ছাড়া দরপত্র বৈধ বলিয়া গন্য করা হইবে না।

০৫. দরপত্র সমূহ আগামী ১৪/১১/২০২৪ খ্রীঃ তারিখ বেলা ১৪ঃ০০ ঘটিকা পর্যন্ত অত্র সমিতির রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহন করা হইবে এবং ১৭/১১/২০২৪ইং বেলা ১২ঃ০০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্র খোলা হইবে।

০৬. পবিস নির্দেশিকা (১০০-৪১) অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত সমদরে অথবা সর্বোচ্চ ৫% নিম্নদরে দাখিল করা যাইবে।

০৭. উদ্ধৃত দর সরকারী বিধান মোতাবেক প্রদেয় ভ্যাটসহ উদ্ধৃত বলিয়া বিবেচিত হইবে। পৃথকভাবে ভ্যাট উল্লেখ করা হইলে কোন দরপত্র গ্রহন করা হইবে না।

০৮. দরপত্র ক্রয়ের সময় হাল-নাগাদ নবায়নকৃত এ,বি,সি, ঠিকাদারী ও সুপারভাইজারী ট্রেড, লাইসেন্সের সত্যায়িত (পবিস/প্রকল্প বিভাগের কর্মকর্তা ছাড়া সত্যায়িত) কপি অথবা নবায়নের জন্য লাইসেন্সিং বোর্ডের নিকট জমা প্রদানের প্রমাণ পত্র প্রদর্শন পূর্বক দরপত্র ক্রয় করা যাইবে।

০৯. সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হইলে অত্র সমিতির সদর দপ্তরে ১৭/১১/২০২৪ খ্রীঃ তারিখে বেলা ১২ঃ৩০ ঘটিকায় উপস্থিত দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) লটারী ড্র এর মাধ্যমে ক্রম নির্ধারন করন পূর্বক দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কার্যাদেশ প্রদান করা হইবে ।

১০. ডাকযোগ অথবা কুরিয়ার সার্ভিসে কোন দরপত্র প্রেরন করা যাইবে না।

১১. দরপত্রে প্রদত্ত রেট সিডিউল পবিবোর্ডের সর্বশেষ রেট সিডিউল অনুযায়ী সন্নিবেশিত করা হইয়াছে।

১২. আবেদনকারী প্রতিষ্ঠান ২০২৪-২০২৫ অর্থ বৎসরে স্থায়ী পূর্বযোগ্যতা নবায়ন থাকিতে হইবে এবং সকল লাইসেন্স অদ্য তারিখ পর্যন্ত হালনাগাদ থাকিতে হইবে।

১৩. কোন কারন প্রদর্শন ব্যাতিরেকে যেকোন /সকল দরপত্র কিংবা দরপত্রের অংশ বিশেষ গ্রহন /বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪. হাওর এলাকায় কাজ করতে রাজী থাকলে দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন।

১৫. যে সকল প্রতিষ্ঠানে কার্যাদেশ চলমান আছে সেকল প্রতিষ্ঠান শিডিউল ক্রয় করতে পারবেন না।

১৬. দাখিলকৃত দরপত্রে প্রয়োজনীয় সকল দলিলাদিতে সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠানের স্বত্তাধীকারীর স্বাক্ষর ও সীলের সঠিকতা নিশ্চিত করতঃ পরবর্তী পদক্ষেপ (মূলায়ন কার্যক্রম) গ্রহন করতে হবে।

১৭. চুক্তি সম্পাদনের সময় Procuring entity এর দপ্তরে নির্মান ঠিকাদারী প্রতিষ্ঠানের সত্ত্বাধিকারীকে স্ব শরীরে উপস্থিত হয়ে চুক্তিতে স্বাক্ষর নিশ্চিত করতে হবে।

১৮. চুক্তি সম্পাদনকালে অথবা মালামাল লেনদেনের ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে ক্ষমতা প্রদান কালে অবশ্যই স্বত্তাধীকারীকে এবং ক্ষমতা প্রদানকারী প্রতিনিধিকে স্ব শরীরে Procuring entity এর সামনে ক্ষমতাপত্রে স্বাক্ষর প্রদান করতে হবে।

১৯. ক্ষমতাপত্রে মালিকের এবং ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির ছবি সংযুক্ত রাখতে হবে যার উভয় ছবির পিছনে মালিকের স্বাক্ষর ও সীল থাকতে হবে।

২০. স্টোরে মালামাল লেনদেনের সময় অবশ্যই ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে স্ব-শরীরে স্টোরে উপস্থিত হতে হবে এবং দৈনিকের ভাউচার দৈনিক স্বাক্ষর করতে হবে।

০৫.১১.২৪
(প্রকৌঃ বিপ্লব চন্দ্র সরকার)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)

অনুলিপিঃ -

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবো, ময়মনসিংহ।
২. নির্বাহী প্রকৌশলী,বাপবিবো, কিশোরগঞ্জ।
৩. ডিজিএম, সদর (কটিয়াদী/নান্দাইল/হোসেনপুর/পাকুন্দিয়া/মিঠামইন/করিমগঞ্জ/তাড়াইল) জোঃ অফিস কিপবিস।
৪. এজিএম(অর্থ-হিসাব/প্রশাসন/এমএস) কিপবিস ।
৫. সহকারী প্রকৌশলী,বাপবিবো, কিশোরগঞ্জ।
৬. নোটিশ বোর্ড, কিশোরগঞ্জ পবিস ।অফিস কপি/মাস্টার কপি।

০৫.১১.২৪.
(প্রকৌঃ বিপ্লব চন্দ্র সরকার)
জেনারেল ম্যানেজার (অঃ দাঃ)